



স্থানীয় সরকার বিভাগ	
সিনিয়র সচিবের দপ্তর	
১) অতিরিক্ত সচিব	১) প্রশাসন
২) মহাপরিচালক	২) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৩) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৪) পানি সরবরাহ (পাস)
	৫) উপজেলা অধিশাখা
	৬) ইউপি অধিশাখা
	৭) অডিট অধিশাখা
	৮) আইন অধিশাখা
ডায়েরি নং.....	তারিখ: ০৩/১০/২২
	স্বাক্ষর



মোঃ শহিদুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

আধা-সরকারি পত্র নম্বরঃ ২২.০৩.০০০০.১০১.০২.০০১.২১-৪৯

তারিখ: ২৯.০৯.২০২১ খ্রি.

শ্রীঃ, মহোদয়,

আসসালামু আলাইকুম,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের (বিএফআইডিসি) আওতাধীন আটটি শিল্প ইউনিট ও তিনটি জোনের অধীন ১৮ (আঠার) টি রাবার বাগান রয়েছে।

বিএফআইডিসি'র নিয়ন্ত্রণাধীন আটটি শিল্প ইউনিট স্বাধীনতার পর থেকে বিভিন্ন মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তরসহ সকল সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে সুনামের সাথে আসবাবপত্র সরবরাহ করে আসছে। মানসম্মত কাঁচামাল দিয়ে এবং উৎপাদনের সকল পর্যায়ে মান নিয়ন্ত্রণের কারণে দেশে প্রাপ্ত সমকক্ষ পণ্যের চেয়ে এ প্রতিষ্ঠানের পণ্য অধিক মানসম্মত, নিরাপদ, পরিবেশবান্ধব, অধিক স্থায়ী এবং আর্থিকভাবে সাশ্রয়ী। এছাড়াও স্থানীয় শিল্পের পর্যায়ক্রমিক বিকাশ ও সংরক্ষণ, দেশীয় দক্ষতা ও অভিজ্ঞতার উন্নয়ন, পর্যাপ্ত কর্মসংস্থান সৃষ্টি ইত্যাদির মাধ্যমে দেশের অর্থনীতির ভিত্তি সুদৃঢ়করণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়, একনেক সভা ও মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি শিল্প প্রতিষ্ঠানে উৎপাদিত মানসম্মত পণ্য দরপত্র আহবান ব্যতিরেকে অগ্রাধিকার ভিত্তিতে সরাসরি ক্রয়ের জন্য সুনির্দিষ্ট নির্দেশনা ও অনুশাসন রয়েছে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮-এর বিধি ৭৬(১)(ছ) অনুযায়ী সরকারি শিল্প প্রতিষ্ঠান হতে সরাসরি ক্রয়ের বিষয়েও গুরুত্ব আরোপ করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও অনুশাসন অনুসারে দরপত্র আহবান বা প্রক্রিয়াকরণ ব্যতিরেকে বিএফআইডিসি'র অধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য সরাসরি ক্রয় করা হলে আর্থিক অপচয় রোধ, বিক্রয়োত্তোর সেবা প্রাপ্তি, দরপত্র আহবান প্রক্রিয়া/পুনঃপ্রক্রিয়াকরণে প্রশাসনিক ব্যয় হ্রাস, আমদানির জন্য ব্যয়কৃত বৈদেশিক মুদ্রার সাশ্রয় ও পত্র-পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ বা অডিট আপত্তির বিড়ম্বনা এড়ানো সম্ভব। অধিকন্তু সরকারি শিল্প প্রতিষ্ঠানগুলো লাভজনকভাবে পরিচালিত হবে এবং নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পণ্য উৎপাদনে বহুমুখীতা আনয়ন করে বাজারজাত করা সম্ভব হবে। পণ্যের গুণগতমান ও বাজারমূল্য বিবেচনায় আপনার প্রতিষ্ঠান বিএফআইডিসি'র পণ্য ক্রয় করছে বিধায় এ প্রতিষ্ঠানটি এগিয়ে যাচ্ছে। আপনার দক্ষ নেতৃত্বে প্রয়োজন অনুযায়ী এ ক্রয়ের মাত্রা বাড়ানো হলে বিএফআইডিসি নিজস্ব আর্থিক সমৃদ্ধি অর্জনসহ জাতীয় অর্থনীতিতে অবদান রাখতে সক্ষম হবে।

এমতাবস্থায়, দেশীয় শিল্প বিকাশের নিমিত্ত সরকারি নির্দেশনা কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে বিএফআইডিসি'র নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত আসবাবপত্র দরপত্র ব্যতিরেকে সরাসরি ক্রয় (DPM) করে দেশীয় শিল্পের বিকাশ ও অর্থনীতিতে অবদান রাখার জন্য আপনার সুবিবেচনা ও ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করছি।

শ্রীঃ, মহোদয়,

মোঃ শহিদুল ইসলাম
চেয়ারম্যান

জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।

ডায়েরি নং.....	তারিখ.....
উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১/প্রশাসন-২/সমবয়ও কাউন্সিল/জেপ)	
স্বাক্ষর	
যুগ্মসচিব(প্রশাসন)	

ডায়েরি নং.....	তারিখ.....
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১)	
স্বাক্ষর	
উপসচিব (প্রশাসন-১)	

অতিঃ/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর.....
তারিখ.....
স্বাক্ষর
অতিরিক্ত সচিব (প্রশাসন)